

## ব্র্যাক ইউনিভার্সিটির-চতুর্থ সমাবর্তন মানবতার জন্য কাজ করতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান

নিম্নের প্রতিবেদক •

ব্র্যাক ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তনে শিক্ষার্থীদের ৩য় মেম্বার মধ্যে আবদুল নাথেক বিশ্বের যোগ্য নাগরিক হিসেবে আগামীর নেতৃত্ব দেওয়ার এবং মানবতার জন্য কাজ করার আহ্বান জানানো হয়েছে। গতকাল বৃহস্পতিবার গাজীপুরের রাজেন্দ্রপুরে ব্র্যাক সেন্টার ফর ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট চত্বরে এ সমাবর্তনের আয়োজন করা হয়।

সমাবর্তনের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষাবিদ ও ইতিহাসবিদ অধ্যাপক এ এফ সালাহউদ্দিন আহমেদ। তিনি বলেন, ব্র্যাক ইউনিভার্সিটির সমন্বিত শিক্ষাপদ্ধতি এবং প্রশিক্ষণ শিক্ষার্থীদের জীবনের চলমান উন্নয়নে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছে। বাংলাদেশে রাজনৈতিক, অর্থনৈতিক এবং পরিবেশগত ক্ষেত্রে অনেক চ্যালেঞ্জ থাকলেও নারীদের শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে দেশ অনেক অগ্রসর হয়েছে। বিশ্বের নাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলার পাশাপাশি শিক্ষার্থীদের সাহসী ও আত্মবিশ্বাসী হয়ে এদের উন্নয়নে তিরমাত্রা যোগ করার জন্য তিনি আহ্বান জানান।

সমাবর্তনে ৩৬২ জন আক্তারগ্যাঞ্জয়েট ও ১৯১ জন গ্র্যাডুয়েটসহ মোট ৫৫৩ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। শিক্ষাক্ষেত্রে অজবাবীয় সফলতার জন্য ইশরাত মোস্তফা ও কাজী রশিদুল হাসানকে কর্তৃপক্ষকে দেওয়া হয়। অনুষ্ঠানে শিক্ষার্থী, অভিভাবক, ফ্যাকাল্টির সদস্যসহ বিভিন্ন পর্যায়ের অতিথিরা উপস্থিত ছিলেন।

সমাবর্তনে মূল বক্তা ছিলেন যুক্তরাষ্ট্রের ম্যাকেনজি অ্যান্ড কোম্পানির সাবেক সিইও এবং মোবাল ফান্ড (মস্কা, ম্যালেরিয়া এবং এইচআইভি/এইডসের বিরুদ্ধে কাজ করার জন্য দেওয়া ফান্ড) বোর্ডের চেয়ারম্যান রজত কুমার গুপ্ত। তাঁর বক্তব্যে তিনি সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের ওপর গুরুত্ব দেন। তিনি প্রাতিষ্ঠানিক জ্ঞানকে সমাজ গঠনের পাশাপাশি মানবতা রক্ষার কাজে লাগাতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

ব্র্যাক ইউনিভার্সিটির গভর্নিং বোর্ডের চেয়ারম্যান ও ব্র্যাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদ বলেন, আমাদের সমাজে এখন সৃজনশীল ও নীতিবান নেতৃত্বের প্রয়োজন। ব্র্যাক ইউনিভার্সিটি সেই ভবিষ্যৎ নেতৃত্বের কাণ্ডারীদের সৃষ্টির প্রয়াসে নিবেদিত।

ব্র্যাক ইউনিভার্সিটির উপচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান বাড়ানোর প্রক্রিয়া অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন।

অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থী ও অতিথিদের মধ্যে ছিল উৎসবের আমেজ।